



## সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

ও

## চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড এর বক্তব্য

জাতীয় রাজস্ব বোর্ডের গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ প্রতিবছরের ন্যায় এবারও ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করেছে। প্রতিবেদনটিতে রয়েছে ২০১৭-১৮ অর্থবছরের জাতীয় রাজস্ব বোর্ডের আধুনিকায়ন কার্যক্রমসহ প্রকল্পসমূহের কাজের বিদ্যমান পরিস্থিতি এবং সার্বিক রাজস্ব আহরণ পর্যালোচনা। তাছাড়াও সন্নিবেশিত হয়েছে আধুনিক রাজস্ব ব্যবস্থাপনার নানা নির্দেশক, যেমন, বিকল্প বিরোধ নিষ্পত্তি, অডিট কার্যক্রম, অটোমেশন ও আধুনিক যন্ত্রপাতির ব্যবহার, মানব সম্পদের উন্নয়ন, ইত্যাদি সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত। সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় এ ধরনের বার্ষিক প্রতিবেদন একটি প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ দলিল বলে আমরা মনে করি। এছাড়াও তথ্যবহুল প্রতিবেদনটি গবেষকদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ তথ্যসূত্র হিসেবে ব্যবহৃত হতে পারে।

জাতীয় রাজস্ব বোর্ড দেশের অর্থনৈতিক উন্নয়নে কর রাজস্বের প্রায় ৯৭% এবং মোট রাজস্বের প্রায় ৮৫% রাজস্ব আহরণ করে থাকে। মোট রাজস্বের অবশিষ্ট ৩%-৪% রাজস্ব আসে জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্ব (যেমন- মাদক শুল্ক, যানবাহন কর, ভূমি রাজস্ব ও স্ট্যাম্প ডিউটি ইত্যাদি) হতে এবং ১১%-১২% কর বহির্ভূত রাজস্ব (বিভিন্ন প্রশাসনিক ফি, চার্জ, রেলপথ, ডাক, টোল, লেভী, সুদ ইত্যাদি) হিসেবে আহরিত হয়। ২০১৭-১৮ অর্থবছরে নানা প্রতিকূলতার মধ্যেও জাতীয় রাজস্ব বোর্ড তার নির্ধারিত লক্ষ্যমাত্রা ২,২৫,০০০.০০ কোটি টাকার বিপরীতে ২,০২,৩১২.৯৪ কোটি টাকার রাজস্ব আহরণ করতে সক্ষম হয়েছে। এক্ষেত্রে গত অর্থবছরের তুলনায় প্রবৃদ্ধির হার ছিল ১৭.৮৬%। বিগত দশ বছরে রাজস্ব বৃদ্ধি পেয়েছে প্রায় ৩.৮৫ গুন।

মাননীয় অর্থমন্ত্রীর প্রত্যক্ষ ও প্রাজ্ঞ তত্ত্বাবধানে জাতীয় রাজস্ব বোর্ড তার নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে সदा তৎপর। জাতীয় রাজস্ব বোর্ডের নেতৃত্বে কাস্টমস, আয়কর ও ভ্যাট বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ অভ্যন্তরীণ সম্পদ যোগান দিয়ে জাতীয় অর্থনীতি দিন দিন সমৃদ্ধ করেছে।

পরিশেষে, প্রতিবেদনটির উত্তরোত্তর উন্নয়নের জন্য যেকোন যৌক্তিক পরামর্শকে স্বাগত জানানো হবে। এ প্রতিবেদন সংকলন ও সম্পাদনের কাজে যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি।

তারিখ : ঢাকা,  
০৯ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ।  
২৪ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ।

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি  
সিনিয়র সচিব  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
ও  
চেয়ারম্যান  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।